

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৯৯

٩. यन गलाता সूयिष्ठ উপদেশমালা (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ যে ব্যক্তির ইলমে হাদীস বিষয়ে গভীর জ্ঞান নেই, তিনি কোন কোন সময় সংশয়ে পড়ে যান যে, নিচের হাদীসটি হয়তো পূর্বে উল্লেখিত আলী রাদ্বিয়াল্লাহু তা'আলার হাদীসের সাথে সাংঘর্ষিক

ذِكْنُ خَبَرٍ قَدْ يُوهِمُ غَيْرَ الْمُتَبَحِّرِ فِي صِنَاعَةِ الْحَدِيثِ أَنَّهُ مُضَادُّ لِخَبَرِ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ الَّذي ذَكَرْنَاهُ

## আরবী

799 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا زَكَرِيَّا بْنُ يَحْيَى الْوَاسِطِيُّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ زَكَرِيَّا بْنِ أَبِي زَائِدَةَ قَالَ: حَدَّثَنِي أَبِي عَنْ خَالِد بْنِ سَلَمَةَ عَنِ البهيِّ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَذْكُرُ اللَّهَ عَلَى أحيانه. عَنْ عَائِشَةَ قَالَتْ: (يَذْكُرُ اللَّهَ عَلَى أَحْيَانِهِ) أَرَادَتْ بِهِ الذِّكْرَ الَّذِي هُوَ غَيْرُ الْقُرْآنِ قَالَ أَبُو حَاتِمٍ قَوْلُ عَائِشَةَ: (يَذْكُرُ اللَّهَ عَلَى أَحْيَانِهِ) أَرَادَتْ بِهِ الذِّكْرَ الَّذِي هُو غَيْرُ الْقُرْآنِ إِذِ الْقُرْآنُ يَجُوزُ أَنْ يُسَمَّى الَّذِي ذَكَرَ وَقَدْ كَانَ لَا يَقْرَوُهُ وَهُو جَنب وكان يقرأه في سائر الأحوال.

الراوي: عَائِشَة المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 799 | خلاصة حكم المحدث: صحيح ـ

## বাংলা

৭৯৯. 'আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সবসময় আল্লাহকে স্মরণ করতেন।"[1]

আবৃ হাতিম ইবনু হিবানে রহিমাহুল্লাহ বলেন, "'আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহার বক্তব্য "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সবসময় আল্লাহর যিকর করতেন" এর দ্বারা উদ্দেশ্য হলো কুর'আন পাঠ ছাড়া অন্যান্য যিকর। কেননা যে শব্দ উল্লেখ করা হয়েছে তার দ্বারা কুর'আনকে অভিহিত করা যায়। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নাপাক অবস্থায় অবশ্যই কুর'আন পাঠ করেনেনি, এছাড়া অন্যান্য অবস্থায় কুর'আন পাঠ করতেন।"



## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৭০; সহীহ মুসলিম: ৩৭২; আবূ দাউদ: ১৮; তিরমিযী: ৩৩৮৪; ইবনু মাজাহ: ৩০২; আবূ আওয়ানা: ১/২১৭; সুনান বাইহাকী: ১/৯০; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৭৪; সহীহ ইবনু খুযাইমাহ: ২০৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন